

## 📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৬৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৫৭]

৬। মুসাফিরদের সালাত ও তার কসর (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ২৩. রাতে এমন একটি সময় রয়েছে যে সময় দুআ কবুল হয়

باب فِي اللَّيْلِ سَاعَةٌ مُسْتَجَابٌ فِيهَا الدُّعَاءُ

আরবী

وَحَدَّثَنِي سَلَمَةُ بْنُ شَبِيبٍ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ أُعَيْنٍ، حَدَّثَنَا مَعْقِلٌ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " إِنْ مِنْ اللَّيْلِ سَاعَةٌ لَا يُوَافِقُهَا عَبْدٌ مُسْلِمٌ يَسْأَلُ اللَّهَ خَيْرًا إِلَّا أُعْطَاهُ إِيَّاهُ " .

বাংলা

১৬৫৬-(১৬৭/...) সালামাহ ইবনু শাবীব (রহঃ) ..... জাবির ইবনু আবদুল্লাহ (রাযিঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রাতের মধ্যে একটি বিশেষ সময় আছে, সে সময় কোন মুসলিম বান্দা যদি আল্লাহর কাছে কোন কল্যাণ প্রার্থনা করে তাহলে তিনি তাকে তা দান করেন। (ইসলামী ফাউন্ডেশন ১৬৪১, ইসলামীক সেন্টার ১৬৪৮)

## English

Jabir reported:

I heard the Messenger of Allah (ﷺ) as saying: There is an hour during the night in which no Muslim bondman will ask Allah for good in this world and the next but He will grant it to him.

হাদিসের শিক্ষা

\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। দোয়া কবুল হওয়ার সময়টি পেয়ে যাওয়ার উদ্দেশ্যে রাত্রিকালের যে কোনো সময়ে দোয়া করার প্রতি এই হাদীসটিতে উৎসাহ প্রদান করা হয়েছে।

২। রাত্রিকালের যে কোনো সময়ে দোয়া কবুল হওয়ার সময়টিকে মহান আল্লাহ গোপনে রেখেছেন, যাতে করে আল্লাহর অনুগত মানব সকল সেই সময়টিকে পাওয়ার জন্য রাত্রিকালের যে কোনো সময়ে দোয়া করার চেষ্টা করে। যেমন তিনি জুময়ার দিনের প্রার্থনা কবুল হওয়ার সময়টিকে গোপনে রেখেছেন, যাতে করে আল্লাহর অনুগত মানব সকল সেই সময়টিকে পাওয়ার জন্য সারা দিনের যে কোনো সময়ে প্রার্থনা করতে থাকে।

৩। রাত্রিকালের যে কোনো সময়ে প্রভাত বা ফজরের আভা উদয় হওয়া পর্যন্ত দোয়া এবং ক্ষমা প্রার্থনা বা এস্তেগফার করার প্রতি এই হাদীসটি উৎসাহ প্রদান করে। তবে রাত্রিকালের প্রথমাংশের চেয়ে শেষাংশে নামাজ পড়ার জন্য এবং দোয়া ও ক্ষমা প্রার্থনা বা এস্তেগফার করার জন্য হলো উত্তম সময়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=48411>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন